দৈনিক ইত্তেফাক

তারিখ 29 OCT 1991
পৃষ্ঠা ২

২৭

# ছাত্রদল নেতৃদ্বয়ের লাশের পাশে প্রধানমন্ত্রী

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল বেলা পৌনে দুইটায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নিহত ছাত্রদল নেতৃদ্বয়ের লাশ দেখার জন্য মেডিক্যাল কলেজ হাসপাতালে গেলে অনেক ছাত্রদল কর্মী কান্নায় ভাঙ্গিয়া পড়ে। তাহারা লিটন ও মীর্জার হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করে। ছাত্রদল কর্মীরা বলেন, 'ম্যাডাম, আমরা আমাদের সহকর্মীর হত্যার বিচার চাই। আমরা এভাবে কতদিন প্রাণ দিব।'

(১১শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

প্রধানমন্ত্রী ছাত্রদল কর্মীদের সান্ত্বনা দেন। তিনি সেখানে উপস্থিত মীর্জার বিধবা পত্নীকেও সান্ত্বনা দেন। প্রধানমন্ত্রী লাশ দেখিতে আসিবেন এই খবর পাইয়া ক্যাম্পাস হইতে মিছিল সহকারে ছাত্রদলের কর্মীরা পূর্বেই ঢাকা মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে পৌঁছায়। কলেজের জামতলার গেট দিয়া প্রধানমন্ত্রীসহ অন্যান্য মন্ত্রী এবং ডাকসুর ভিপি আমান কলেজ ক্যাম্পাসে ঢোকামাত্রই ছাত্রদলের কর্মীরা শেখ হাসিনার বিরুদ্ধে শ্লোগান দেয়। তাহারা স্বরাষ্ট্র মন্ত্রীর পদত্যাগ এবং ছাত্রদল হইতে আমান-উল্লাহ আমানকে অব্যাহতি দেওয়ার দাবী তোলে। একদল ছাত্র প্রধানমন্ত্রীর গাড়ির সম্মুখে শুইয়া পড়ে। এই সময় নিরাপত্তা রক্ষীরা ছাত্রদের থামাইতে গিয়া ব্যর্থ হয়। ছাত্রদলের কর্মীরা পালা করিয়া গাড়ীর সম্মুখে হইয়া পড়ে। মন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, জমির উদ্দিন সরকার, রফিকুল ইসলাম মিয়া, তরিকুল ইসলাম, মজিদ-উল হকসহ অন্যরা ছাত্রদের থামাইতে চেষ্টা করিয়া ব্যর্থ হন। কয়েকজন মন্ত্রীর নাম ধরিয়া কতিপয় ছাত্রদল কর্মী কটূক্তি করে।